## ক|.অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর লেখো:

ইংরেজীতে একটা কথা আছে যে, যারা জেতে তারা কোনোদিন পালিয়ে যায় না । আর যারা পালায় তারা কোনোদিন জিততে পারে না । খেলাধুলার দিকে লক্ষ্য রেখেই এই কথাটি বলা হয় বটে, তবে এই বাক্য জীবনের যেকোনো ক্ষেত্রেই সমান ভাবে খাটে। জিততে হলে চেষ্টা করতে হবে। নিরন্তর মেহনত করতে হবে। মাথার ঘাম পায়ে ফেলে তবেই ফসল তোলা যাবে ঘরে। বাংলা প্রবাদে এমনই একটা বাক্য রয়েছে, যেমন কষ্ট না করলে কেষ্ট মেলে না। খেলাধুলার নানান বিভাগে যারা নাম কিনেছেন , দক্ষতা ও যোগ্যতার পরিচয় রেখে যারা বিশ্ব খ্যাতি অর্জন করেছেন তারা কোনদিন মেহনতে ফাঁকি দেননি । তাই নিজেরাও ফাঁকিতে পড়েননি । মেহনতের মূলধন সম্বল করে তারা সামনের দিকে এগিয়ে গেছেন । পৌঁছেছেন লক্ষ্যে ।এদের মধ্যে যারা প্রতিবন্ধী তাদের কৃতিত্বের তো সীমা পরিসীমা নেই। তাদের কেউ কেউ বিকলাঙ্গ, কেউ বাকশক্তিহীন। তবু অঙ্গ হীনতার অথবা শারীরিক অন্য কোন অসঙ্গতির বাধা জয়ে তারা যে অপরাজেয় মানসিকতার পরিচয় দেন তার তুলনা কোথায় ?

তাদের কথা যখনই ভাবা যায় তখনই মানুষের শক্তি সামর্থ্য ও মনোভাবের মাহাত্ম্য সম্পর্কে নিঃসন্দেহ হতে হয় । মনে মনে বিস্ময়ও জাগে।শরীর যেখানে কিছুটা অপটু সেখানে প্রতিবন্ধীদের পরম পাথেয় মনের জোর। সেই জোরেই তারা গায়ের জোর কে হার মানিয়ে এমন অভাবনীয় কান্ড বাঁধিয়ে তোলেন যা দেখে তামাম দুনিয়া কে অবাক হতে হয়।
১×১০=১০

১. প্রতিবন্ধীদের পরম পাথেয়: 1 point

- .শরীরের জোর
- .মনের জোর
- .অর্থের জোর
- .ক্ষমতার জোর

২. ইংরেজীতে একটা কথা আছে যে: 1 point

- . যারা জেতে তারা সব দিন পালিয়ে যায়
- . যারা যেতে তারা সব দিন পালিয়ে যায় না
- যারা জেতে তারা কোনদিন পালিয়ে যায় না
- যারা জেতে তারা একদিন পালিয়ে যায়

৩. মাথার ঘাম পায়ে ফেললে 1 point

- ফসল ঘরে তোলা যাবে
- . ফসল নষ্ট হয়
- ফসল ঘরে তোলা সম্ভব হয় না
- .ফসলের ফলন ভালো হয় না

৪. যারা বিশ্ব খ্যাতি অর্জন করেছেন, তারা: 1 point

- কোনোদিন মেহনতে ফাঁকি দেননি
- .মেহনতে ফাঁকি দিয়েছেন
- মেহনত করেননি
- .মেহনত করেছেন খুবই সামান্য

৫. যিনি বাকশক্তিহীন, তিনি 1 point

- .কথা বলতে পারেন
- .কথা বলতে পারেন না
- অনর্গল কথা বলতে পারেন
- .অল্প কথা বলেন

বাংলায় একটি প্রবাদ বাক্য প্রচলিত আছে 1 point

- .কষ্ট না করলে কেষ্টা মেলে না
- .কষ্ট করলে কেষ্টা মেলে না
- কষ্ট না করলে কেষ্ট মেলে না
- কষ্ট না করলে কেষ্ট মেলে

৭.খেলাধুলার নানান বিভাগে যারা নাম কিনেছেন তারা সামনের দিকে এগিয়ে গেছেন: 1 point

- অর্থ কে সম্বল করে
- সামাজিক প্রতিপত্তির জোরে
- মেহনতের মূলধন সম্বল করে
- .রাজনৈতিক ক্ষমতা কাজে লাগিয়ে

৮. প্রতিবন্ধীরা মনের জোরে যখন অভাবনীয় কান্ড বাঁধিয়ে তোলেন তখন: 1 point

- সারা দুনিয়া তিরস্কার করে
- .তামাম দুনিয়া বিমুখ হয়ে যায়
- .তামাম দুনিয়া তাদের অবিশ্বাস করে
- তামাম দুনিয়া অবাক হয়ে যায়

৯." শারীরিক " শব্দের পদ পরিবর্তন করলে হবে: 1 point

- শরীর
- শরির
- স্বাস্থ্য
- সুস্থ

১০. "সঙ্গতি"শব্দের বিপরীত অর্থের শব্দটি হল : 1 point

- অসংগতি
- অপরাজেয়
- সংগতিবিধান
- সামঞ্জস্য

## অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও।( কেস স্টাডি)

দুদাভাই এসেছেন আহমেদাবাদ আশ্রমে।
সঙ্গে এসেছেন তাঁর পত্নী দানি বহিন , আর একরত্তি মেয়ে লক্ষ্মী। দুদাভাই ছিলেন শিক্ষক ।বোম্বাইয়ে কোনো এক স্কুলে শিক্ষকতার কাজ করতেন। সত্যাগ্রহ আশ্রমে সেবক সংখ্যা মোট পচিশ জন স্ত্রী-পুরুষ । সবাই একসাথে খায় ,একই পরিবারের মতো চলাফেরা করে। দুদাভাইও আশ্রম এর নিয়ম-কানুন মেনে চলতে লাগলেন । কিন্তু কিছুদিনের মধ্যেই আশ্রমে বেশ চাঞ্চল্য দেখা গেল। আশ্রম চালাবার জন্য যারা আর্থিক সাহায্য করেছিলেন তারাও যেন কেমন বিরূপ হলেন। কারণ আর কিছুই নয়, অন্ত্যজ পরিবার অস্পৃশ্য দুদাভাইকে কেন আশ্রম এ স্থান দেওয়া হয়েছে । মালিকের তরফ থেকে যে লোক কূপ থেকে জল ওঠানোর জন্য নিযুক্ত ছিল সেও জল দিতে আপত্তি জানালো। পাছে জলের ছিটে তার গায়ে বা পাত্রে লাগে ।সবাইকে সে গালি দিতে শুরু করলো । সবথেকে পীড়ন শুরু হলো দুলাভাই এর ওপর । গান্ধীজী এর কোনো প্রতিবাদ না করে সবাইকে সহ্য করে যেতে বললেন । সবাই তা মেনেও নিল । আশ্রম এর আর্থিক সাহায্য বন্ধ হয়ে গেল । এমনকি আশ্রম বয়কট করার কথাও শোনা গেল । গান্ধীজী সবাইকে বললেন ,ভয় কি যদি সাহায্য নাই জোটে ,আর সমাজ থেকে বহিষ্কার করা হয় তাহলেও কেউ আহমেদাবাদ ত্যাগ করবো না । অন্তজ পাড়াতে গিয়ে তাদের সঙ্গেই বসবাস করবো ।

১×১০=১০

### ১.অন্তজ পাড়াতে যারা বসবাস করে — 1 point

- ○ উচ্চ বংশের লোকজন
- ○ নিচু বংশের লোকজন
- ○ বিত্তশালী লোকজন
- ○ বিত্তশালী ও শিক্ষিত লোকজন

২. লক্ষ্মী হলেন আমাদের: 1 point

- বিদ্যার দেবী
- বুদ্ধির দেবী
- ধৈর্যের দেবী
- ধনের দেবী

৩. গান্ধীজীর পুরো নাম: 1 point

- মোহনদাস করমচাঁদ গান্ধী
- মহানলাল করমচাঁদ গান্ধী
- মোহনচাঁদ করমচাঁদ গান্ধী
- মোহনদাস করমদাস গান্ধী

৪. আমাদের প্রত্যেকের বাড়িতে, পাকশালায় : 1 point

- রান্না-বান্না ও খাওয়া-দাওয়া হয়
- বিশ্রামের কাজে ব্যবহৃত হয়
- রাত্রে শোওয়া হয়
- অতিথিরা এসে থাকেন

৫. অস্পৃশ্যতা প্রকৃতপক্ষে 1 point

- সমাজকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে
- একটি সামাজিক ব্যাধি
- সমাজকে সম্পদহীন করে
- সমাজকে সমৃদ্ধ করে

৬. কূপ থেকে জল ওঠানোর জন্য একটি লোক নিযুক্ত থাকে। কারণ.... 1 point

- কূপ পাহারা দিতে হয়
- লোক না থাকলে কুপের জল চলে যায়
- দড়ি এবং বালতির সাহায্যে জল তুলতে হয়
- জল চুরি হয়ে যায়

৭. গান্ধীজীকে আমরা চিনি যে নামে 1 point

- জাতির পিতা
- জাতির জনক
- জাতির গুরু
- জাতির শিক্ষক

৮. একরত্তি মেয়ে লক্ষ্মী। একরত্তি মেয়ে অর্থাৎ মেয়েটি 1 p

- ছোট
- খুব ছোট
- বড়ো
- খুব বড়ো

৯. আহমেদাবাদ শহরটি যে রাজ্যে অবস্থিত: 1 p

- মধ্যপ্রদেশ
- উত্তরপ্রদেশ
- তামিলনাড়ু
- গুজরাট

১০. গান্ধীজী যখন জন্মগ্রহণ করেছিলেন, তখন ভারত বর্ষ: 1 p

- পরাধীন
- স্বাধীন
- ফরাসিদের অধীন
- মোগলদের অধীন